# ক্রমঃ ৪১ আল-হাসীব ٱلْحَسِيبُ

## অর্থ

হিসাব-গ্রহণকারী, মহা মীমাংসাকারী

## English

 Al-Hasib
- The One who gives the satisfaction.
- The noble, The Reckoner

## ব্যাখ্যা

> ٱلْحَسِيبُ| আল-হাসীব (মহা মীমাংসাকারী, হিসাব গ্রহণকারী)[1] | Al-as b | The Reckoner

আল-হাসীব হলেন যিনি বান্দার সবকিছু সম্পর্কে জ্ঞাত, সর্বজ্ঞানী, সর্বদর্শী, যিনি তাঁর উপর ভরসাকারীদের জণ্য যথেষ্ট, যিনি তাঁর হিকমত ও ইলম অনুযায়ী বান্দার যাবতীয় ভালো-মন্দ কাজের প্রতিদান দানকারী।[2]

আবার আল-হাসীব অর্থ আর-রাকীব তথা অতন্দ্র পর্যবেক্ষণকারী, বান্দার কর্ম অনুসারে তাঁর ন্যায় বিচার ও দয়ায় তাদের যাবতীয় কাজের হিসেব গ্রহণকারী। আবার আল-হাসীবের আরেক অর্থ আল-কাফী তথা যথেষ্ট, তিনি বান্দার দু:খ-কষ্ট, চিন্তা-ভাবনা সর্বাবস্থায় তাদের জন্য যথেষ্ট। এর চেয়েও বিশেষ অর্থ হচ্ছে, তিনি তাঁর উপর তাওয়াক্কুলকারীদের জন্য যথেষ্ট। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿وَمَن يَتَوَكَّلۡ عَلَى ٱللَّهِ فَهُوَ حَسۡبُهُۥٓ ٣﴾ [الطلاق : ٣]

“আর যে আল্লাহর ওপর তাওয়াক্কুল করে আল্লাহ তার জন্য যথেষ্ট।” [সূরা আত-তালাক, আয়াত: ৩] অর্থাৎ তিনি তাদের দুনিয়া ও আখিরাতের যাবতীয় কাজে যথেষ্ট।

আল-হাসীবের আরেক অর্থ যিনি বান্দার ভালো-মন্দ যাবতীয় কাজ হিফাযত করেন, ভালো কাজের প্রতিদান ভালো আর মন্দ কাজের প্রতিদান মন্দ দান করেন। আল্লাহ তা'আলা বলেছেন,

﴿يَٰٓأَيُّهَا ٱلنَّبِيُّ حَسۡبُكَ ٱللَّهُ وَمَنِ ٱتَّبَعَكَ مِنَ ٱلۡمُؤۡمِنِينَ ٦٤﴾ [الانفال: ٦٤]

“হে নবী, তোমার জন্য আল্লাহই যথেষ্ট এবং যেসব মুমিন তোমার অনুসরণ করেছে তাদের জন্যও।” [সূরা আল-আনফাল, আয়াত: ৬৪] অর্থাৎ আল্লাহ আপনার ও আপনার অনুসারীদের জন্য যথেষ্ট। অত:এব, যারা রাসূলুল্লাহ্

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে প্রকাশ্য ও অপ্রকাশ্য সর্বাবস্থায় অনুসরণ করেন এবং আল্লাহর ইবাদত করেন তাদের জন্য আল্লাহই যথেষ্ট।[3]

---

[1] এ নামের দলিল আল্লাহর নিম্নোক্ত বাণী,

﴿وَكَفَىٰ بِٱللَّهِ حَسِيبٗا٦﴾ [النساء : ٦]

“আর হিসাব গ্রহণকারী হিসেবে আল্লাহ যথেষ্ট।” [সূরা আন-নিসা, আয়াত: ৬]

[2] আত-তাফসীর, ৫/৬২৫।

[3] আল-হাক্কুল ওয়াদিহ আল-মুবীন, পৃ. ৭৮।

---

Source — https://www.hadithbd.com/99namesofallah/detail/?nid=41

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন